



# বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ) BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)

সভাপতি:  
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব:  
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং- বিএমএ/২০১৯/৭০৯

তারিখঃ ২১/০৯/২০১৯ খ্রিঃ

## শোক বার্তা

“বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী এক বিবৃতিতে, বিএমএ মৌলভীবাজার শাখার আজীবন সদস্য ডা. মোঃ শামছদ্দিন আহমদ এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

ডা. মোঃ শামছদ্দিন আহমদ, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন মৌলভীবাজার শাখার ২ বার নির্বাচিত সভাপতি এবং ২০০৫ সালে স্বাধীনতা চিকিৎসক পরিষদ মৌলভীবাজার শাখার সভাপতি ছিলেন।

তিনি গত ২০/০৯/২০১৯খ্রিঃ তারিখ শুক্রবার দুপুর ১:১৫ ঘটিকায় স্কয়ার হাসপাতাল ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮২ বছর। তিনি ১ পুত্র, ১ কন্যা, বন্ধু-বান্ধব, পরিবার-পরিজন, শুভানুধ্যায়ীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে ও তার শোক সন্তুস্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।”

প্রতি  
বার্তা সম্পাদক / প্রধান প্রতিবেদক

জনাব,  
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত পত্রিকা/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ শোক বার্তাটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী  
মহাসচিব  
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন